



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা

controller@rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর- রাশিবো/এস/জেএসসি/পনি-১০৬০(২৫৯)

তারিখ : ০১ অক্টোবর ২০১৯

বিষয় : ২০১৯ সালের জেএসসি পরীক্ষা গ্রহণ ও উত্তরপত্র হাতে হাতে বোর্ডে জমা প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকারি সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশের সকল শিক্ষা বোর্ডে “সৃজনশীল” (কাঠামোবদ্ধ) প্রশ্নপত্র পদ্ধতিতে ২০১৯ সালের জেএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে। রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ জেলার কেন্দ্রসমূহের প্রশ্নপত্র ইতোমধ্যে স্ব-স্ব জেলার জেলা প্রশাসকগণের নিকট সরবরাহ করেছে।

জরুরি জ্ঞাতব্য বিষয়

- ২০১৯ সালের পরীক্ষার্থীদের জন্য বাংলা, গণিত, ধর্ম শিক্ষা (সকল), বাংলাদেশ ও বিশ্বপরিচয়, বিজ্ঞান সৃজনশীল ও বহুনির্বাচনি, ইংরেজি এক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সংক্ষিপ্ত প্রশ্ন ও বহুনির্বাচনি) বিষয়ে পরীক্ষা গ্রহণ করা হবে। গার্হস্থ্য বিজ্ঞান, কৃষিশিক্ষা, আরবি, সংস্কৃত, পালি, শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, কর্ম ও জীবনমুখী শিক্ষা, চারু ও কারুকলা বিষয়ের পরীক্ষা এনসিটিবি কর্তৃক নির্দেশনা অনুযায়ী ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর অনলাইনে যথানিয়মে কেন্দ্র সচিব কর্তৃক বোর্ডে প্রেরণ করতে হবে।
- নিরাপদ হেফাজতে সংরক্ষিত গালাসিল্যুক্ত প্রশ্নপত্রের প্যাকেট সময়সূচী (ক্লেটিন) ও নির্ধারিত সেট নম্বর/সেট কোড অনুযায়ী জেলা সদরের ট্রেজারী অফিস/উপজেলার ট্রেজারী/থানা লকার/ব্যাংক লকার থেকে সংগ্রহ করতে হবে। অনুরূপভাবে প্রতিদিন পরীক্ষা শেষে OMR সবুজ কাপড়ে এবং উত্তরপত্র সাদা কাপড়ে মুড়ে সিলগালাকৃত অবস্থায় জেলা সদরের ট্রেজারী অফিস/উপজেলার ট্রেজারী/থানা লকার/ব্যাংক লকারে সংরক্ষণ করতে হবে।
- কেন্দ্র সচিব ছাড়া অন্য কেউ পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না। পরীক্ষার্থীরা পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে পারবে না।
- কোনক্রমেই পরীক্ষার OMR ও উত্তরপত্র ডাকযোগে প্রেরণ করা যাবে না। বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, সকল ধর্ম এবং বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের উত্তরপত্র ও OMR ০৮/১১/২০১৯ তারিখ শুক্রবার এবং অবশিষ্ট বিষয়ের উত্তরপত্র ও OMR ১২/১১/২০১৯ তারিখে নিরাপদ হেফাজতে সংরক্ষণ প্রসঙ্গে প্রত্যয়নপত্রসহ পুলিশী পাহারায় হাতে হাতে রাজশাহী শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।
- পরীক্ষার ফল প্রকাশের ০৭ (সাত) দিনের মধ্যে পুনঃনিরীক্ষার নিমিত্তে টেলিটকের সিমের SMS এর মাধ্যমে আবেদন করা যাবে।

উল্লেখ্য OMR সমূহ হালকা সবুজ/কলা পাতা রং-এর কাপড়ে মুড়ে সিলগালাকৃত অবস্থায় উত্তরপত্রের মত একইভাবে নিরাপদ হেফাজতে সংরক্ষণ করতে হবে। এ বিষয়ে সকলের সহযোগিতা একান্ত কাম্য।

প্রয়োজনে যোগাযোগ : সহ-পরীক্ষা নিয়ন্ত্রক(জিপিট/গোপনীয়)
টেলিফোন নম্বর : ০২৪৭-৮১২২৯৩, ০৭২১-৭৭৬৩৭৩

প্রাপক

কেন্দ্র সচিব(সকল)

জেএসসি ২০১৯ পরীক্ষা

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-এর আওতাধীন

স্মারক নম্বর- রাশিবো/এস/জেএসসি/পনি-১০৬০(৫০০)

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩. কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৪. মেট্রোপলিটন পুলিশ কমিশনার/ডিআইজি অব পুলিশ, রাজশাহী
৫. মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক /অহাণী ব্যাংক /জনতা ব্যাংক /কৃষি ব্যাংক, ঢাকা বাংলাদেশ
৬. পরিচালক(সেসিপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৭. জেলা প্রশাসক, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলা
৮. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী এর সংশ্লিষ্ট কর্মকর্তা
৯. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
১০. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী অঞ্চল, রাজশাহী
১১. ইঞ্জিনিয়ার ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, রাজশাহী
১২. পুলিশ সুপার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলা
১৩. রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার সকল উপজেলা নির্বাহী অফিসার
১৪. রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার সকল ট্রেজারী অফিসার
১৫. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক /অহাণী ব্যাংক /জনতা ব্যাংক
১৬. ক/কৃষি ব্যাংক, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলা
১৭. রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার জেলা শিক্ষা কর্মকর্তা ও সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
১৮. প্রধান শিক্ষক/অধ্যক্ষ, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন মঞ্জুরীপ্রাপ্ত সকল বিদ্যালয়/স্কুল এন্ড কলেজ
১৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার সকল থানা
২০. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
২১. অফিস নথি

০১/১০/১৯
প্রফেসর ড. মো. আনারুল হক প্রাণ
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

তারিখ : ০১ অক্টোবর ২০১৯